গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
ওয়েব সাইট: **www.debendracollege.gov.bd**

তারিখ: ১৭-০২-২০২২খ্রি.

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ-এ একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম ১৯/০২/২০২২ (শনিবার) তারিখ হতে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার) তারিখ পর্যন্ত অনলাইনে সম্পন্ন করা হবে:

১। ভর্তি ফি:

| মানবিক/ব্যবসায় শিক্ষা শাখা | |
|---|---|
| ছাত্র | ২৩৪৫/- |
| ছাত্রী | ২১০৫/- |

| বিজ্ঞান শাখা | |
|---|---|
| ছাত্র | ২৪৪৫/- |
| ছাত্রী | ২২০৫/- |

**পাঠ বিরতি থাকলে অতিরিক্ত ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাউনলোডকৃত ফরম জমা দেওয়ার সময় কলেজ হিসাব শাখায় জমা দিতে হবে।**

২। শুধু মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ১৯/০২/২০২২ ও ২০/০২/২০২২ তারিখ (সকাল ১১.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত) শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফরম ডাউনলোড করার অনুমতি নিতে হবে।

**মুক্তিযোদ্ধা (FQ) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে;**

(ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেটকপি, সনদের মূলকপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাশ) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি। (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি। (জ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়ন পত্র।

৩। **অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-**

- সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট **http://debendracollege.eshiksabd.com/** এ গিয়ে নিম্নোক্ত **User Name ID ও Password** দিয়ে ক্লিক করতে হবে।
- **User Name: debendrastudent**
- **Password: debendrastudent** দিয়ে **Sign In** করতে হবে।
- **Sign In** করা পেইজে **Admission** বাটন ক্লিক করলে **Click for New Admission** বাটন আসবে।
- **Click for New Admission** বাটন ক্লিক করতে হবে।
- **Select Group, Select Department** এবং **Enter SSC Roll Number (6 Digit)** ঘরগুলো পূর্ণ করে **Check for Admission** বাটনে **Click** করলে ভর্তি ফরম **open** হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করতে হবে।
- গুচ্ছ থেকে **Elective Subjects** & **4th Subjects** নির্বাচন করে **Add Subjects** এ **Click** করতে হবে (গুচ্ছ শেষে দেয়া আছে)।
- ৭টি বিষয় নির্বাচন করা সম্পন্ন হলে **Save** বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।

**ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা রঙ্গিন ছবি আপলোড করতে হবে।**

৪। **ভর্তি ফি প্রদান ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করণ:** **SSC Roll Number (6 Digit)** দিয়ে নগদ (Nagad) / বিকাশ (bKash) / ট্যাপ (tap) যেকোন একটি সিস্টেমে ভর্তি ফি প্রদান করতে হবে। নগদ / বিকাশ / ট্যাপে **ভর্তি ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।** ভর্তি ফি প্রদানের পর ভর্তি ফরমে প্রদানকৃত অভিভাবকের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে ১৩ ডিজিটের ক্লাস রোল প্রদান করা হবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। নির্ধারিত তারিখ ২৪-০২-২০২২ দুপুর ২.০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র একাদশ শ্রেণির ভর্তি কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে।

৫। **নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি প্রদান পূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

৬। অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ডাউনলোডকৃত ফরমের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীর স্বাক্ষরযুক্ত ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে:

ক) এসএসসি পাশের নম্বরপত্রের অনলাইন কপি (০১ টি)

খ) এসএসসি' র রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি ও প্রবেশ পত্রের মূলকপি (এসএসসি পাশের মূল নম্বর পত্র জমা প্রদান সাপেক্ষে ফেরৎ দেয়া হবে)

গ) এসএসসির রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রের ফটোকপি (০১ কপি করে)

ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০৪ কপি)

৭। ডাউনলোডকৃত ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় ১০০/- (একশত টাকা মাত্র) প্রদান করে **"একাডেমিক ক্যালেন্ডার ও কোর্স প্ল্যান"** সংগ্রহ করতে হবে।

৮। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং কলেজ ড্রেস পরিহিত ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি কলেজে অফিসে জমা দিতে হবে।

## "বিষয়গুচ্ছ"

| বিভাগ | আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক) | নির্বাচিত বিষয় | চতুর্থ বিষয় |
|---|---|---|---|
| **বিজ্ঞান** | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), পদার্থ (১৭৪, ১৭৫), রসায়ন (১৭৬, ১৭৭), আইসিটি (২৭৫) | **যে কোন ১টি:**<br>উচ্চতর গণিত (২৬৫, ২৬৬)<br>জীববিদ্যা (১৭৮, ১৭৯) | **যে কোন ১টি:**<br>জীববিদ্যা (১৭৮, ১৭৯)<br>উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) |
| **ব্যবসায় শিক্ষা** | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪), ব্যবসায় সংগঠন (২৭৭, ২৭৮), আইসিটি (২৭৫) | **যে কোন ১টি:**<br>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭)<br>ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩) | **যে কোন ১টি:**<br>ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩)<br>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭) |
| **মানবিক** | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), আইসিটি (২৭৫) | **যে কোন ৩টি:**<br>পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০),<br>অর্থনীতি (১০৯, ১১০),<br>যুক্তিবিদ্যা (১২১, ১২২),<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ ইতিহাস (৩০৪, ৩০৫) | **যে কোন ১টি:**<br>পৌরনীতি ও সুশাসন(২৬৯, ২৭০),<br>অর্থনীতি(১০৯, ১১০),<br>যুক্তিবিদ্যা(১২১, ১২২),<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ ইতিহাস (৩০৪, ৩০৫)<br>ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০) |

বিশেষ দ্রষ্টব্য: ১। যে বিষয়টি শাখাভিত্তিক আবশ্যিক বিষয় হিসেবে নির্বাচন করা হবে, ঐ বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে নির্বাচন করা যাবে না।

২। ' ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ' এবং 'ইতিহাস' বিষয় দুটির মধ্যে যেকোনো একটি নির্বাচন করতে হবে।

৯। সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ-এ ভর্তির জন্য চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত হওয়ার পর কলেজ ওয়েব সাইটে **(www.debendracollege.gov.bd)** পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর:

17.2.2022

(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং-২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

17/02/22

(মোহাম্মদ শহীদুল ইসলাম)
আইডি নং-১৭০৫৪
আহবায়ক
ও
সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান)
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।